

## পাঁচ তারকা হোটেলে ইফতার ব্যুফেতে বিকাশ পেমেন্টে বোগো অফার

- A Monitor Desk Report

Date: 12 March, 2025



**ঢাকাঃ** এবার রমজান মাসজুড়ে নির্দিষ্ট পাঁচ তারকা ও চার তারকা হোটেলে দুটি ইফতার ব্যুফের পেমেন্ট বিকাশ করলেই একটি ব্যুফের টাকা গ্রাহকরা ইনস্ট্যান্ট ক্যাশব্যাক পাচ্ছেন।

রমজানের শেষ দিন পর্যন্ত ইন্টারকন্টিনেন্টাল ঢাকা, প্যান প্যাসিফিক সোনারগাঁও, আমারি ঢাকা, হলিডে ইন, ঢাকা রিজেন্সি, রেডিসন ব্লু চট্টগ্রাম বে ভিউসহ নির্দিষ্ট হোটেলের ইফতার ব্যুফেতে বিকাশ পেমেন্টের মাধ্যমে আকর্ষণীয় এ বোগো (বাই ওয়ান গেট ওয়ান) অফার গ্রাহক উপভোগ করতে পারবে।

ক্যাম্পেইন চলাকালে একজন গ্রাহক দিনে একবার এবং সর্বোচ্চ দুইবার অফারটি উপভোগ করতে পারবেন।

বিকাশ অ্যাপ, পেমেন্ট গেটওয়ে, \*২৪৭# ডায়াল করে, বিকাশ অ্যাপ থেকে কিউআর স্ক্যান করে সরাসরি ভিসা কার্ড দিয়ে এবং বাংলা কিউআর ব্যবহার করে বিকাশ পেমেন্টের মাধ্যমে অফারটি উপভোগ করতে পারবেন গ্রাহকরা।

এছাড়া দেশজুড়ে গ্রাহকরা নির্দিষ্ট ইফতার বাজারে কেনাকাটার পেমেন্ট বিকাশ করলে দিনে ৫ শতাংশ করে ৫০ টাকা ক্যাশব্যাক পাচ্ছেন। অফারগুলোর আওতায় পুরো রমজান মাসে একজন গ্রাহক সর্বোচ্চ ১৫০০ টাকা ক্যাশব্যাক পাওয়ার সুযোগ পাচ্ছেন।

-B